# মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আনোয়ারুল ইসলাম<br>চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | : | ১৫/০৩/২০২৩খ্রি.। |
| সময় | : | দুপুর ১২:০০ঘটিকা । |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |
| আলোচ্য মাস: | : | জানুয়ারি/২০২৩খ্রি. । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"
সভায় প্রকল্প সমুহের তালিকা পরিশিষ্ট "গ"

ক: সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটি মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর গত ১৪/০২/২০২৩খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:ম | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় কোন বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী দাখিল করতে পারেননি। | আগামী সভায় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন/ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু কার্যবিবরণী প্রেরণ করেননি। | আগামী সভায় ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী সহ উপস্থিত থাকার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। |
| ০৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগনকে জানতে চাওয়া হলে বলেন যে,UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলি তদারকি জন্য করার জন্য সকলকে বলা হলো। |

বিভাগ ওয়ারি আলোচনা:

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা বলেন যে, বিভাগীয় কার্যকক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার বলেন যে, বিভাগীয় কার্যকক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ফেব্রুয়ারি/২০২৩ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে, তাঁর দপ্তরের নিয়মিত সকল কার্যাবলী স্বাভাবিক ভাবে চলমান আছে। ২৫ তারিখ প্রাণিসম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। ২৫ ফেব্রুয়ারি-১ মার্চ প্রাণিসম্পদ সেবা সপ্তাহ অনুষ্ঠিত হয়। বিদ্যালয় ও মাদ্রাসায় সেবা সপ্তাহে ডিম খাওয়ানোর উৎসব পালিত হয়। এছাড়াও উঠান বৈঠক, ফ্রি ভ্যাক্সিনেশন, মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | ফেব্রুয়ারি /২০২৩ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতি চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

| | | | |
|---|---|---|---|
| ৫. | ফেব্রুয়ারি /২০২৩ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | (নিচের সারণি ও বিবরণ দ্রষ্টব্য) | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্ল্যানন | পুরুষ | মহিলা | |
| ফেব্রুয়ারি /২০২৩ | ৬৭৭ | ৬৮ | ৬২১ | ১৮ | ৯০ | - | ০৮ | ১৪৮২ |

১। করোনা দুর্যোগকালীন UH@FWC/ গুলোতে স্বাভাবিক সেবার সাথে সাথে করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ ব্যবস্থাসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।
২। বাড়ি বাড়ি পরিদর্শনের সময় নিজস্ব নিরাপত্তা নিশ্চিত করাসহ পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণ ও জনগণকে সচেতন করতে সকল পরিবার কল্যাণ সহকারি ওয়ার্ড পর্যায়ে ও পরিবার পরিকল্পনা পরিদর্শক ইউনিয়ন পর্যায়ে ভূমিকা পালন করছেন।
৩। করোনা প্রতিরোধে সরকার কর্তৃক অর্পিত যেকোন অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের তাগিদ প্রদান করা হয়েছে এবং স্বাস্থ্য বিধি অনুসরণ করছেন।
৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম- এ এপপিআই,এফডাব্লিউ ভি,ও এফ ডাব্লিউ এ কর্তৃক প্রতিমাসে কার্যক্রম চালু রয়েছে।
৫। বিভাগীয় মাসিক সমন্বয় সভায় দাপ্তরিক দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।

৬.উপজেলা প্রকৌশল বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি)ও উপজেলা উন্নয়ন তহবিলে গত ১৫/০৩/২০২৩খ্রি. তারিখে প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত আলোকে প্রকল্প সমূহ বিস্তারিত আলোচনা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ প্রকল্প সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরিশিষ্ট"গ" সন্নিবেশিত। | সকল জনপ্রতিনিধি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তাঁর দপ্তরের নিয়মিত সকল কার্যাবলী স্বাভাবিক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১০. উপজেলা সমাজসেবা বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার | উপজেলা সমাজ সেবা অফিসার অফিসার কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা খাদ্য বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউনিয়া, রংপুর : |

১৩. উপজেলা সমবায় বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪। | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা বন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো জানান যে, বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বনবিভাগ, রংপুর মহোদয়ের দপ্তরের স্মারক নং- ৪৩৬২, তাং-২৮/১২/২০২২ খ্রি. এবং নির্বাহী প্রকৌশলী সওজ, রংপুর দপ্তরের স্মারক নং ২৬১৮(৫), তাং- ১৮/১২/২০২২ খ্রি. মোতাবেক রংপুর বড়বাড়ী কুড়িগ্রাম জাতীয় মহাসড়কে বীজলের ঘুন্টি হতে ভরসা পারটেক্স (চেইনেজ ৯+২০০ হতে ১০+৫০০). মহুবর কোল্ড স্টোরেজ এর সামনে ( চেইনেজ ১৪+২০০ হতে ১৪+৬০০), ভেলুপাড়া বাজার অংশ চেইনেজ ১৫+২০০ হতে ১৫+৫০০), কাউনিয়া ফায়ার সার্ভিস এর সামনে চেইনেজ ১৮+০০৬ হতে ১৮+৪০৬) এ বর্ণিত চারটি স্থানে বাক সম্প্রসারণ কাজে বাঁধা সৃষ্টিকারী রাস্তার উভয় পার্শে চিহ্নিত গাছ গুলো অপসারণ করতে হবে। তিনি জানান যে, উক্ত সড়কে ২০০৪-০৫ সনে গোদা শিমলা মৌজার শহিদের চাতাল হতে মীরবাগ বাজার পর্যন্ত (১০+৮)=১৮.০ কি:মি: এবং কাউনিয়া রেলগেট হতে বেইলি ব্রীজ পর্যন্ত ২০০৩-০৪ সনে ৬.০ কি:মি: বাগান সৃজন করা হয়। বর্নিত চারটি স্থানের চিহ্নিত মোট ৪৯২ টি গাছ বনবিভাগ, সড়ক বিভাগ ও উপকারভোগী গ্রুপসহ যৌথ মার্কিং ও পরিমাপ করিয়া লট আকারে প্রস্তুত করত: বিভাগীয় বনকর্মকর্তা, রংপুর মহোদয়ের দপ্তর হইতে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রি হবে এবং বিক্রয় লব্ধ অর্থ বিভাগীয় বন কর্মকর্তা, রংপুর বিভিন্ন উপকারভোগী গ্রুপের অংশের টাকা বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সুপারিশ সাপেক্ষে বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বনবিভাগ, রংপুর চিহ্নিত স্থানের গাছ গুলো দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয় করত: উপকারভোগী গ্রুপের মাঝে লভ্যাংশ বন্টনের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বনবিভাগ, রংপুর। |

১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫। | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৬. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬। | ফেব্রুয়ারি /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কাউনিয়া, রংপুর। |

বিবিধ বিষয়ঃ

<table>
<tr><th>নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১।</td><td>উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদে ০৪টি মিটার যথাক্রমে ২৫৫-১০০০ উপজেলা পরিষদের কেন্দ্রিয় মিটার জুন/২১ হতে ফেব্রুয়ারি/২৩ মাস=৫,৬৩,৭০৪/-২৫৫-,১০০১=উপজেলা নির্বাহী অফিসারের বাসার অফিস জুলাই/২০হতে ফেব্রুয়ারি/২৩ =৮৭,৪২৬/-টাকা, ২৫৫-১১১৬ উপজেলা পরিষদের নিচতলা জুলাই/২০ হতে ফেব্রুয়ারি/২৩=৪৭,২৪৭/-এবং ২৫৫-১১১১= টিপু মুন্‌শি অডিটোরিয়াম মার্চ/২১ হতে ফেব্রুয়ারি/২৩ =৫৬,৮২৫/- টাকাসহ মোট=৭,৫৫,২০২/-টাকা বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা প্রয়োজন। সভায়</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ০৪টি মিটারের দাখিলকৃত ৭,৫৫,২০২/-(সাত লক্ষ=পঁঞ্চান্ন হাজার দুইশত দুই)টাকা রাজস্ব তহবিল বিদ্যুৎ বিল প্রদান খাত হতে জিএম, রংপুর পল্লীবিদ্যুৎ সমিতি-২ পাগলাপীর বরাবর ক্রসড চেক প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর</td></tr>
<tr><td>২।</td><td>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, কাউনিয়া বাসষ্ঠ্যান্ডের পূর্বপার্শ্বে বাগদাদ মার্কেটের সামনে ০১টি রেইন্টি কড়াই গাছ হেলে উপরে পড়ে হেলে হোটেলের উপর ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে. এবং ১১ হাজার ভোল্টের তিনটি বৈদ্যুতিক ট্রান্সফরমার আছে যে কোন সময় পড়ে গিয়ে হোটেল এবং জনগণের যানমালের ক্ষতি হতে পারে মর্মে মোঃ রফিকুল ইসলাম(বাগদাদ)ও শ্রী সুমন্ত চন্দ্র বর্মন গাছটি অপসারণের জন্য আবেদন করেন। এছাড়া দৈনিক যুগের আলো পত্রিকায় গত-২৪ ডিসেম্বর/২২ খ্রি. তারিখে ঝুঁকিপূর্ণ গাছ থাকায় দুর্ঘটনা আশঙ্কা মর্মে সংবাদ প্রচার করা হলে গত-২২/০১/২০২৩খ্রি. তারিখে গাছটি দ্রুত অপসানণের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর বরাবর আরো ০২টি শিক্ষা প্রতিষ্ঠানের গাছসহ মূল্যে নির্ধারণের জন্য প্রেরণ করা হয়। বিভাগীয় বন বিভাগ হতে মূল্য নির্ধারণ পাওয়া গেছে। বর্তমানে কাউনিয়া বাসষ্ঠ্যান্ডের পূর্বপার্শ্বে বাগদাদ মার্কেটের গাছটি ঝকিপূর্ন যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। তিনি এ বিষয়ে সিদ্ধান্তের জন্য সভায় পেশ করেন।</td><td>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কাউনিয়া বাসষ্ঠ্যান্ডের পূর্বপার্শে বাগদাদ মার্কেটের সামনে ০১টি রেইন্টি কড়াই গাছ যেহেতু ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে, এবং বিভাগীয় বন কর্মকর্তার নিকট হতে মূল্য নির্ধারণ পাওয়া গেছে। ঝুঁকিপূর্ন গাছটি যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে,দিক বিবেচনা করে জরুরী বিধায় উপজেলা ঝড়ে পড়া, ঝুঁকিপূর্ন গাছ নিলাম কমিটি সরকারি মূল্যের কম নহে গাছটি নিলাম ডাকের সিদ্ধান্ত গৃহীত হয়। নিলামের টাকা রাজস্ব তহবিলে জমা করে পরবর্তীতে গাছটি ইউনিয়ন/জেলা পরিষদ যার হউক না কেন দাবি করলেসম পরিমান অর্থের চেক তাঁর বরাবর প্রেরণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর</td></tr>
<tr><td>৩।</td><td>উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,ভাইস চেয়ারম্যান, জনাব মোঃ আব্দুর রাজ্জাক জুলাই/২২ হতে ডিসেম্বর/২২ পর্যন্ত ভ্রমণ ভাতা বিল বাবদ= ৭২,৮০০/-টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল অনুমোদনের জন্য পেশ করেন।</td><td>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ভাইস চেয়ারম্যান,জনাব মোঃ আব্দুর রাজ্জাক এর দাখিরকৃত ভ্রমণভাতা বিল রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর</td></tr>
<tr><td></td><td>উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ১৪৩০ বাংলা সনে উপজেলার সায়রাতভূক্ত ১৫টি হাট-বাজার ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে গত-২২/০২/২০২৩ খ্রি. তারিখে (১ম পর্যায়ে)১০(দশ)টি হাট-বাজার সরকারি মূল্যের চেয়ে বেশি হওয়ায় দরপত্র মূল্যায়ন ও ইজারা প্রদান কমিটি ইজারা প্রদানের জন্য উপজেলা পরিষদ সভায় অনুমোদন জন্য সুপারিশ করেছেন।সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো। হাট-বাজার সমূহ নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্রঃ</th><th>হাটের নাম</th><th>সরকারি মূল্য</th><th>সরঃপ্রদত্ত দর</th><th>সর্বোচ্চ</th></tr>
<tr><td>১।</td><td>জয়বাংলা হাট</td><td>১,০৬,৬৮৪/-</td><td>১,৭৮,১০০/-</td><td>মোঃ আব্দুর</td></tr>
<tr><td>২।</td><td>খানসামা হাট</td><td>১,১৭,৩৯,৫০০/-</td><td>=১,৫০,৫০,০০০/-</td><td>মেসার্স বাদল এন্টার প্রাইজ</td></tr>
<tr><td>৩।</td><td>একতা হাট</td><td>৪৩,২৪৮/-</td><td>৪৬,০০০/-</td><td>মোঃ মিজানুর</td></tr>
<tr><td>৪।</td><td>ভূতছাড়া, মীরবাগ</td><td>৬,৩১,৪৩৬/-</td><td>৮,৬৫,০০০/-</td><td>মোঃ মনজুম</td></tr>
<tr><td>৫।</td><td>তকিপল হাট</td><td>৩৯,৪২,৪০৫/-</td><td>৫২,৫৫,০০১/-</td><td>এ,কে,এম</td></tr>
<tr><td>৬।</td><td>টেপামধুপুর হাট</td><td>১,৬০,৩৬,৩৮৭/</td><td>১,৬০,৫১,০০০/-</td><td>মেসার্স</td></tr>
<tr><td>৭।</td><td>জামতলীর হাট</td><td>৩৩,১২৫/-</td><td>৩৩,৫০০/-</td><td>মোঃ মিজানুর</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>৮।</td><td>ভায়ার হাট</td><td>৩,১২,৪৫০/-</td><td>৩,৮৬,০০০/-</td><td>মোঃ আব্দুল</td></tr>
<tr><td>৯।</td><td>শহীদবাগ হাট</td><td>২৪,০০৯/-</td><td>২৭,১০০/-</td><td>মোঃ ফজলে</td></tr>
<tr><td>১০</td><td>শিবু কেরামতিয়া</td><td>১৩,৭৯৫/-</td><td>১৪,০০০/-</td><td>মোঃ মোশারফ</td></tr>
</table></td><td>এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪৩০ বাংলাসনে ১৫টি হাটের মধ্যে ১০টি হাট-বাজার সমূহ সরকারি মূল্যের চেয়ে বেশি হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ আলোকে সর্বোচ্চ দরদাতাকে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ২য়,৩য় এবং ৪র্থ পর্যায়ে অবশিষ্ট বাকি ০৫টি হাট-বাজার সংশিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে ইজারা যাতে হয় সকলের সহযোগিতার জন্য অনুরোধ করা হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর</td></tr>
</table>

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও উপজেলা পরিষদ মাসিক সভার সম্মানিত সভাপতি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় আলোচ্য গুরুত্বপূণ বিষয়সমূহ বিস্তারিত পর্যালোচনা করে করেন, সরকারী বিধি বিধান অনুসরণ করে উন্নয়ন মূলক কর্মকান্ড সকলকে সুষ্ঠু সুন্দরভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রমে আলোচনার মাধ্যমে কাজ করার দিক নির্দেশনা প্রদান করে স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহনের আহবান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৫।০৬।২৬

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২০- ৩০৫ তারিখঃ ১৭/০৪/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১১। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১২। চেয়ারম্যান, .................................................................................... (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১৩। উপজেলা ........................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৪। অফিস কপি।

(মনোনীতা দাস)
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
ও
সহকারী কমিশনার(ভূমি)
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd